

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
সমাজসেবা অধিদপ্তর  
জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ  
www.dss.mymensingh.gov.bd

নম্বর: ৪১.০১.৬১০০.০০০.১৩.০০১.১৯.১০৩

তারিখ: ৪ আষাঢ় ১৪৩০  
১৮ জুন ২০২৩


অফিস আদেশ

জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহের আওতাধীন উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ এর ইউনিয়ন সমাজকর্মী, জনাব রহিমা আক্তার খাতুন ২৫ এপ্রিল ২০২৩ তারিখে পি.আর.এল ছুটিসহ এককালীন লাম্পগ্রান্ট মঞ্জুরির আবেদন করেছেন। আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিসার অত্র কার্যালয়ে পি.আর.এল ছুটিসহ এককালীন লাম্পগ্রান্ট মঞ্জুরির প্রস্তাব প্রেরণ করেছেন।

০১. উপজেলা সমাজসেবা অফিসার, ভালুকা, ময়মনসিংহ এর প্রস্তাবের প্রেক্ষিতে জনাব রহিমা আক্তার খাতুন, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ এর জন্ম তারিখ : ০৩ মে ১৯৬৪ হওয়ায় ০২ মে ২০২৩ তারিখ ৫৯ (উনষাট) বছর পূর্ণ হয়েছে। সরকারি চাকরি আইন ২০১৮ এর ৪৩(১)(ক) ধারা অনুযায়ী ০৩ মে ২০২৩ তারিখ হতে ০২ মে ২০২৪ তারিখ পর্যন্ত ১২(বার) মাস পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো। তিনি ০৩ মে ২০২৪ তারিখ হতে পূর্ণ অবসর গ্রহণ করবেন।

০২. অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ২১ জানুয়ারি ১৯৮৫ তারিখে এম/আই/এফডি/ছুটি-৯৬/৮৪/৯ বিধি মোতাবেক তার গড় বেতনে অর্জিত ছুটি ৫৪০ দিন পাওনা থাকায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এ অনুচ্ছেদ নং ১০(২) (খ) অনুযায়ী তার গড় বেতন ১ বছর ৬ মাস অর্জিত ছুটি অর্থাৎ ১৮(আঠারো) মাসের অর্জিত ছুটি নগদায়নের পরিবর্তে মূল বেতনের সমপরিমাণ অর্থ (২৪,১১০×১৮)মাস =৪,৩৩,৯৮০/- টাকা এককালীন (লাম্পগ্রান্ট) উত্তোলনের আদেশ প্রদান করা হলো।

০৩. তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।



১৮-০৬-২০২৩

আঃ কাইয়ুম

উপ পরিচালক

০১৭০৮-৪১৪১৪২

dd.mymensingh@dss.gov.bd

নম্বর: ৪১.০১.৬১০০.০০০.১৩.০০১.১৯.১০৩/১ (৭)

তারিখ: ৪ আষাঢ় ১৪৩০  
১৮ জুন ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭;
- ২। পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ;
- ৩। সহকারী পরিচালক (অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭;
- ৪। সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ;
- ৫। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ভালুকা, ময়মনসিংহ;
- ৬। জনাব রহিমা আক্তার খাতুন, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ এবং
- ৭। সংশ্লিষ্ট নথি।



১৮-০৬-২০২৩  
আঃ কাইয়ুম  
উপ পরিচালক